প্রধান শিক্ষক / সম্পাদক,

# রশিদপুর উচ্চ বিদ্যালয়

স্থাপিত: ১৯৭২ খ্রিঃ
ডাকঘর ঃ রশিদপুর, উপজেলা ঃ সোনাইমুড়ী, জিলা ঃ নোয়াখালী।
Website: - www.rphs.edu.bd
Email: - rashidpurhs1972@yahoo.com / Gmail:-rashidpurhighschool1972@gmail.com
EIIN :- 107389, School code :-6132, M.P.O. CODE : -1101151302, Mobile No :01309-107389

ক্রমিক নং- র.উ.বি/২০২৫/৬১ তারিখ ঃ ২৯/০৯/ ২০২৫ খ্রিঃ

## জুরুরি বিজ্ঞপ্তি

বিষয় : বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি গঠন ও নির্বাচন প্রসঙ্গে।

সুত্র: স্মারক নং-৩৭.১০.৭৫৮৩.০১২.২৩.০০১.২৫-২১১ তারিখ : ২৯/০৯/২০২৫খ্রিঃ

উর্পযুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, রশিদপুর উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে ২৯/০৯/২০২৫খ্রিঃ নির্বাচনী তফসিল ঘোষনা করা হয়। উক্ত তফসিলের আলোকে আগামী ৩০/০৯/২০২৫ তারিখ হইতে ০২/১০/২০২৫ তারিখ পর্যন্ত সকাল ১০.০০ ঘটিকা হইতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিদ্যালয়ের অফিস কক্ষে প্রার্থীগণ হইতে মনোনয়নপত্র বিতরণ ও গ্রহন করা হইবে। মনোনয়নপত্র ফি ৩০০০/- (তিন হাজার) টাকা ।

প্রধান শিক্ষক
29/09/25
মোহাম্মদ আমানত হোসেন
এম.এস.সি, এম.এড
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
রশিদপুর উচ্চ বিদ্যালয়
সোনাইমুড়ী, নোয়াখালী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
সোনাইমুড়ী, নোয়াখালী
http//seo.sonaimuri.noakhali.gov.bd

স্মারক নং-৩৭.১০.৭৫৮৩.০১২.২৩.০০১.২৫-২১১

তারিখ : ১৪ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
২৯ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

## নির্বাচনী তফসিল

উপজেলা নির্বাহী অফিসার, সোনাইমুড়ী, নোয়াখালী মহোদয়ের স্মারক নং-০৫.৪২.৭৫৮৩.০০১.৪০.০০১.২৫-৬৪৭, তারিখ: ২৮-০৯-২০২৪ খ্রিস্টাব্দ সংখ্যক পত্রাদেশ এবং মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা কর্তৃক ৩১ আগস্ট ২০২৫ খ্রিস্টাব্দ তারিখে প্রকাশিত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি নির্বাচনের গেজেট অনুসারে নিম্নস্বাক্ষরকারী অত্র উপজেলাধীন রশিদপুর উচ্চ বিদ্যালয় এর প্রিজাইডিং অফিসার হিসেবে ম্যানেজিং কমিটির সকল শ্রেণির (প্রতিষ্ঠাতা,দাতা,সাধারণ অভিভাবক সদস্য,সংরক্ষিত মহিলা অভিভাবক সদস্য, সাধারণ শিক্ষক প্রতিনিধি ও সংরক্ষিত মহিলা শিক্ষক প্রতিনিধি) নির্বাচন-২০২৫ এর নির্বাচনী তফসিল সংশ্লিষ্ট সকলের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে নিম্নরূপ ঘোষণা করা হলো।

| ক্রম | বিবরণ | তারিখ, সময় ও বার | স্থান |
|---|---|---|---|
| ০১ | মনোনয়নপত্র বিতরণ, গ্রহণ ও জমাদান | ৩০ সেপ্টেম্বর ২০২৫, ০১ ও ০২ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ<br>রোজ : মঙ্গলবার,বুধবার ও বৃহস্পতিবার<br>সকাল ১০.০০ টা হতে বিকাল ০৪ টা পর্যন্ত | প্রধান শিক্ষকের কার্যালয়<br>রশিদপুর উচ্চ বিদ্যালয় ও<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস<br>সোনাইমুড়ী, নোয়াখালী। |
| ০২ | মনোনয়নপত্র বাছাই ও বৈধ প্রার্থীর তালিকা প্রকাশ | ০৫ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ<br>রোজ : রবিবার , সময় : বেলা ১২.৩০ ঘটিকা। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়<br>সোনাইমুড়ী, নোয়াখালী। |
| ০৩ | মনোনয়নপত্র প্রত্যাহার, চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ ও ক্রমিক বরাদ্দ | ০৬,০৭ ও ০৮ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ<br>, রোজ : সোমবার,মঙ্গলবার ও বুধবার<br>সকাল ১০.০০ টা হতে বিকাল ০৪ টা পর্যন্ত | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়<br>সোনাইমুড়ী, নোয়াখালী। |
| ০৪ | নির্বাচন অনুষ্ঠানের তারিখ ও ফলাফল ঘোষণা | ১৯ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ, রোজ : রবিবার<br>সময় : সকাল ১০ টা হতে বিরতিহীনভাবে বিকাল ০৪ টা পর্যন্ত | রশিদপুর উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণ<br>সোনাইমুড়ী, নোয়াখালী। |

* মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লার (গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৫ এর বিধান ১০ অনুচ্ছেদের নির্দেশনা মোতাবেক কোনো শ্রেণির যে সংখ্যক সদস্য পদে নির্বাচন অনুষ্ঠিত হবে সে শ্রেণির প্রত্যেক ভোটারের সমসংখ্যক ভোট প্রদানের অধিকার থাকবে।
* ১০ম ও ৫ম শ্রেণির অভিভাবকগণ সাধারণ অভিভাবক/সংরক্ষিত অভিভাবক সদস্য পদে প্রার্থী হতে পারবেন না।
* কোনো ভোটার একাধিক পদে প্রস্তাবক বা সমর্থক হতে পারবেন না। কোনো পদে একাধিক ভোটার না থাকলে সে পদে প্রস্তাবক ও সমর্থকের প্রয়োজন নেই।
* মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লার (গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা,২০২৫ এর বিধান মোতাবেক ভোটার যাকে বা ক্ষেত্রমতে যাদেরকে তিনি ভোট দিতে চান ব্যালট পেপারে তাঁর বা তাঁদের নামের পার্শ্বে নির্ধারিত ঘরে ক্রস (x) চিহ্ন প্রদান করবেন।
* সকল শ্রেণির সদস্য পদে নির্বাচন একযোগে এবং একই সময়ে অনুষ্ঠিত হবে।
* নির্বাচনের তারিখসহ উল্লেখিত নির্বাচনী তফসিল বিভাগীয়/সরকারি কাজে/অনাকাংখিত কারণে আংশিক/সম্পূর্ণ পরিবর্তন করার ক্ষমতা প্রিজাইডিং অফিসার সংরক্ষণ করেন।
* গভর্নিং বডি বা ক্ষেত্রমত, ম্যানেজিং কমিটির কোনো সদস্য পদে নির্বাচনী প্রচারণায় কোনোরূপ মিছিল, জনসভা, অভিভাবক সভা, শোভাযাত্রা,লাউড-স্পিকার পোস্টার বাই-সাইকেল বা মোটর সাইকেল কিংবা গাড়ীবহর ব্যবহার করা যাবে না।
* নির্বাচনী প্রচারণায় কেবল ৫$\frac{১}{২}$ ইঞ্চি x ৮$\frac{১}{২}$ ইঞ্চি সাদা-কালো লিফলেট প্রকাশ ব্যতীত অন্য কোনো খাতে অর্থ ব্যয় করা যাবে না এবং কোনো নির্বাচনী ক্যাম্প স্থাপন করা যাবে না।
* কোনো ব্যক্তি একই বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা কমিটিতে একাদিক্রমে ০২ (দুই) বারের অধিক, ক্ষেত্রমত,সভাপতি,শিক্ষক প্রতিনিধি বা অভিভাবক প্রতিনিধি নির্বাচিত হতে পারবেন না, তবে এক মেয়াদ বিরতি অন্তে তিনি পুনরায় নির্বাচন করতে পারবেন।
* নির্বাচন সংশ্লিষ্ট সকল বিষয়ে প্রিজাইডিং অফিসারের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**উক্ত নির্বাচনী তফসিল বিধি মোতাবেক বহুল প্রচারের জন্য প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হলো।**

(মীর মো. মোহতাছিম বিল্লাহ)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ও প্রিজাইডিং অফিসার
রশিদপুর উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচন-২০২৫
সোনাইমুড়ী, নোয়াখালী
মোবাইল : ০১৮১৮-৭২২৮০৩
email : useosnbd@gmail.com

প্রাপক :
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), রশিদপুর উচ্চ বিদ্যালয়, সোনাইমুড়ী, নোয়াখালী।
(তাঁকে তফসিলটি সকল শ্রেণি কক্ষে ও নোটিশ বোর্ডে টানানোসহ বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

**অনুলিপি মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :**
০১। জেলা শিক্ষা অফিসার, নোয়াখালী।
০২। উপজেলা নির্বাহী অফিসার, সোনাইমুড়ী, নোয়াখালী।
০৩। সভাপতি, রশিদপুর উচ্চ বিদ্যালয়, সোনাইমুড়ী, নোয়াখালী।
০৪। সংরক্ষণ নথি।